Bengali



কীভাবে যত্ন পেতে চান সেই ব্যাপারে আপনার **পছন্দের** সংখ্যা বাড়ান

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেটের সঙ্গে পরিচয় করানো

স্বাস্থ্যের যত্ন নেওয়ার খাতে নিয়মিত আর্থিক সহায়তা পায় এমন রোগীদের জন্য

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্

বর্তমানে আপনি যদি নিয়মিতভাবে এনএইচএস্ (NHS)-এর কাছ থেকে স্বাস্থ্যের যত্ন নেওয়ার পরিষেবা পেয়ে থাকেন এবং আপনার নিজের বাড়িতে বাস করেন, তাহলে আপনি একটা পার্সোন্যাল হেলথ্ বাজেট্ (PHB) বা ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ পাওয়ার যোগ্য হতে পারেন।

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ কাকে বলে?

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ হলো একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ যা আপনার স্বাস্থ্য ও কল্যাণের খাতে ব্যয় সংকুলান করায় সাহায্য বাবদ NHS আপনাকে দিয়ে থাকে। এটা আপনার প্রাপ্য সহায়তার ব্যাপারে আপনার জন্য আরো বেশী পছন্দ ও নিয়ন্ত্রণ নিশ্চিত করে। আপনার স্বাস্থ্য ও কল্যাণ-সংক্রান্ত বিভিন্ন চাহিদা পূরণ করার নতুন কিছু উপায় বেছে নেওয়ার এবং কীভাবে ও কখন আপনার যত্ন আপনি পেতে চান তা নির্ধারণ করার আরো বেশী সুযোগ এটা আপনাকে দেয়। যখন যেমন প্রয়োজন, আপনার চাহিদাগুলির প্রকৃতি পরিবর্তনের সাথে সাথে উপযুক্ত স্তরের সাহায্য আপনি বেছে নিতে পারেন, অথবা আপনি স্থির করতে পারেন যে NHS-এর মাধ্যমে যত্ন লাভ করার বদলে আপনি সরাসরি কোন সংস্থার কাছ থেকেই তা লাভ করার ব্যবস্থা করতে চান। NHS-এর কাছ থেকে যত্ন লাভ করার প্রক্রিয়াও আপনি চালু রাখতে পারেন। আপনার ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ আপনি কীভাবে পেতে চান তা আপনি নিজেই স্থির করবেন।

কী কী বিকল্প ব্যবস্থা আছে?

তিনটি বিকল্প ব্যবস্থা থেকে আপনি বেছে নিতে পারেন। এদের মধ্যে আছে:

1. সরাসরি আপনাকেই টাকা দিয়ে দেওয়া

আপনার ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি টাকা জমা দেওয়া হবে এবং যেসব সেবা বা সরঞ্জাম আপনার দরকার বলে আপনি ও আপনার যত্নবিধান ব্যবস্থা সমন্বয়কারী দুজনে মিলে স্থির করছেন তা আপনি বাজার থেকে কিনে নেবেন। আপনার জন্য নির্ধারিত বাজেট্ আপনি কীভাবে খরচ করছেন তা দেখানোর জন্য সমস্ত আর্থিক লেনদেনের বিবরণ ও রসিদ আপনাকে রেখে দিতে হবে। আপনি যদি সরাসরি টাকা পাওয়ার সিদ্ধান্ত নেন তাহলে আপনাকে একটা আনুষ্ঠানিক চুক্তিতে সামিল হতে এবং PHB'র জন্য একটা আলাদা ব্যাংক অ্যাকাউন্ট খুলতে হবে।

2. আপনার জন্য নির্ধারিত বাজেট্ তৃতীয় কোন ব্যক্তির হাতে দেওয়া

আপনার জন্য নির্ধারিত বাজেটের দায়িত্ব আপনি কোন তৃতীয় পক্ষের, কোন যত্নবিধানকারী সংস্থার অথবা আপনার পরিবারের কোন আস্থাভাজন ব্যক্তির হাতে দিতে পারেন এবং আপনি নিজে আপনার যত্নের ব্যবস্থা করবেন কিংবা তারা আপনার হয়ে এটা করবে।

3. NHS আপনার বাজেটের দায়িত্ব নেবে

পরিস্থিতির কোনই পরিবর্তন হবে না এবং আপনার প্রয়োজনীয় বিভিন্ন সেবার ব্যবস্থা করার ও তাদের খরচ মেটানোর কাজ NHS কর্মীরাই করে চলবেন।

আপনি চাইলে এই তিনটি বিকল্পকে একত্রিত করে একটা ব্যবস্থা বেছে নিতে পারেন। আপনার PHB আপনি পাওয়ার তিন মাস পর, এবং তার পর থেকে প্রতি বছর, অথবা যখন আপনার চাহিদাগুলির প্রকৃতির পরিবর্তন হবে তখন, এটার পর্যালোচনা করা হবে।

কীভাবে আমি এটা পেতে পারি ?

প্রথমে আপনার স্বাস্থ্যের নিয়মিত যত্নবিধানকারী দল আপনার স্বাস্থ্যের মঙ্গলের জন্য কী ধরনের সাহায্য আপনার প্রয়োজন তা নিয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন এবং একটা যত্নবিধান পরিকল্পনা রচনা করবেন।

তারপর NHS ঐ যত্নবিধান পরিকল্পনা ব্যবহার করে নির্ধারণ করবে আপনার কত টাকা দরকার হতে পারে - যেটা আপনার ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্। কোন টাকা বন্টনের আগে আপনার অবশ্যই একটা সহায়ক পরিকল্পনাও থাকতে হবে যেটা দেখাবে আপনার বাজেট্ আপনি কীভাবে ব্যবহার করবেন। এক্ষেত্রেও সেটা রচনার কাজে কেউ একজন আপনাকে সাহায্য করবেন।

একটা ভালো সহায়ক পরিকল্পনার মধ্যে আপনার সমস্ত রকম প্রয়োজন, চাহিদা, পছন্দ-অপছন্দ ও আশা-আকাঙ্খা সম্পর্কে প্রচুর তথ্য থাকা উচিত - আপনার জীবনে কী ধরনের পরিবর্তন আপনি চান এবং ঐসব পরিবর্তন আনার ও আপনার জীবনের উন্নতি করার জন্য এই বাজেট্ কীভাবে ব্যবহার করা হবে।

যে কোন খরচের আগে আপনার সহায়ক পরিকল্পনা এবং বাজেট্-সংক্রান্ত চাহিদাগুলি ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ (CCG) দ্বারা অনুমোদিত হতে হবে। যেসব সহায়তা ও সেবার উল্লেখ আপনার সহায়ক পরিকল্পনায় আপনি করেছেন সেগুলির খরচ মেটানোর মতো যথেষ্ট টাকা আপনার ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেটে আছে কি না সেটা CCG স্থির করবে।

আপনার সহায়ক পরিকল্পনার অন্তর্গত সব কিছুই আইনসঙ্গত এবং ডিপার্টমেন্ট অভ্ হেলথ্ বা স্বাস্থ্য বিভাগের নির্দেশিকা অনুসারে সংগঠিত হতে হবে। সমস্ত কিছু স্বীকৃত হওয়ার পর, আপনার PHB আপনি যেভাবে চেয়েছেন সেভাবেই বন্টন করা হবে।

আমার ব্যক্তিগত বাজেট্ আমি কোন্ খাতে খরচ করতে পারি ?

আপনার সহায়ক পরিকল্পনার অঙ্গ হিসাবে যেসব জিনিষপত্র, সেবা ও সহায়তা স্বীকৃত হয়েছে তাদের খাতে আপনার বাজেট্ আপনি খরচ করতে পারবেন যতক্ষণ তারা আইনসঙ্গত।

আপনার টাকা আপনি যেসব উপায়ে খরচ করতে চাইতে পারবেন তাদের কয়েকটা দৃষ্টান্ত হলো :

- আপনার দৈনন্দিন জীবনযাপনে সাহায্য করার জন্য আপনার ব্যক্তিগত সহকারীকে নিয়োগ করা
- আপনার বাড়িতে থেকে আপনাকে সহায়তা দেওয়া
- আপনার দৈনন্দিন কাজকর্ম ঠিকমতো চালিয়ে যাওয়ায় সাহায্যের জন্য সহায়ক উপকরণ. রদবদল ও সরঞ্জাম
- আপনাকে ও আপনার যত্নগ্রহণকারীর একটু বিশ্রামের জন্য সাময়িক কর্মবিরতির ব্যবস্থা
- কমিউনিটীতে আরো সক্রিয় ভূমিকা নেওয়ায় এবং আপনার শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতিতে সাহায্য করতে পারে এমন কিছু সক্রিয়তা
- এমন কিছু সহায়তার ব্যবস্থা করা যা আপনার পারিবারিক যত্নগ্রহণকারীদেরও সাহায্য করবে

আপনার বা আপনার প্রতিনিধির দ্বারা নিযুক্ত অথবা ভারপ্রাপ্ত ব্যক্তিদের কাছ থেকে পাওয়া সহায়তা বা যত্নের দরুণ সৃষ্টি হওয়া কোন দাবি, ক্ষয়ক্ষতি, লোকসান, খরচ বা দায়ের জন্য NHS দায়ী থাকবে না।

এমন কিছু আছে কি না যার খাতে ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ আমি খরচ করতে পারবো না ?

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেটের টাকা কোনরকম অনুপযুক্ত খাতে খরচ করা যায় না. যেমন অ্যালকোহল বা সুরা, তামাকজাত দ্রব্য, জুয়াখেলা বা ঋণ পরিশোধ অথবা মাদক দ্রব্যের মতো কোন অবৈধ পদার্থ। কোন জরুরী বা অত্যন্ত তীব্র স্বাস্থ্যঘটিত সমস্যার মোকাবেলায় সেবা পাওয়ার জন্য অথবা দৈনন্দিন জীবনযাপনের ব্যয়নির্বাহের জন্যও এই বাজেট্ ব্যবহার করা যায় না।

যে উদ্দেশ্যে এই বাজেটের টাকা ব্যবহার করার কথা তার বাইরে কোন খাতে ব্যবহার করা হলে আপনাকে সরাসরি অথবা কোন তৃতীয় পক্ষের মাধ্যমে অর্থ প্রদানের ব্যবস্থা খারিজ করে দেওয়ার অধিকার NHS-এর আছে।

ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষা বাজেট্ আমার প্রাপ্য কোন বেনিফিট্ বা ভাতাকে প্রভাবিত করবে কি না ?

না, আপনার পাওয়া কোন কল্যাণমূলক ভাতাকেই এই বাজেট্ প্রভাবিত করবে না যেহেতু এটাকে আয় হিসাবে ধরা হয় না।

আরো বিশদ জেনে নিন

PHB সম্পর্কে আরো তথ্যের জন্য পার্সোন্যাল হেলথ্ বাজেট্ টীমের সঙ্গে যোগাযোগ করুন **nelcsu.chc@nhs.net** এই ঠিকানায় ইমেইল করে অথবা **020 3688 1000** নম্বরে টেলিফোন করে, অথবা এই ঠিকানায় আমাদের কাছে চিঠি লিখুন :

Personal Health Budgets Team
2nd Floor
Clifton House
75-77 Worship Street
London EC2A 2DU

PHB সম্পর্কে আরো বিস্তারিত জানার জন্য এই ওয়েবসাইট দেখুন :
www.personalhealthbudgets.england.nhs.uk